# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ১৭ জানুয়ারি, ২০১২

স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

সভাপতি ঃ ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ২৬ ডিসেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

সিদ্ধান্ত ঃ ২৬ ডিসেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ ডিসেম্বর, ২০১১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

সিদ্ধান্ত ঃ ডিসেম্বর, ২০১১ মাস পর্যন্ত ৮৬% রাজস্ব আদায় হয়েছে। যা সন্তোষজনক। তবে কচুক্ষেত পুরান বাজার এলাকার আদায় আশানুরূপ নয়। আগামী সভায় সঠিক ডিমান্ড প্রস্তুত করে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ঃ ডিসেম্বর, ২০১১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

সিদ্ধান্ত ঃ ডিসেম্বর, ২০১১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ ডিসেম্বর, ২০১১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

সিদ্ধান্ত ঃ ডিসেম্বর, ২০১১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। সেনানিবাসসহ সকল এলাকায় সিডিউল অনুযায়ী মশক নিধন কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশনকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল, আর্মি, নেভী এবং বিএএফ কঞ্জারভেন্সী শাখার আয়-ব্যয়ের বাজেট ও হিসাব পৃথকভাবে সংরক্ষণের জন্য পৃথক শিরোনামে হিসাব খোলার নিমিত্ত আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বোর্ডের হিসাব ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব ও বাজেট পৃথকভাবে সংরক্ষণের জন্য নিম্নবর্ণিত শিরোণামে পৃথক হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(১) সিইও, শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, (২) সিইও, শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, (৩) সিইও, মুসলিম মডার্ণ একাডেমী, (৪) সিইও, সেনাপল্লী হাই স্কুল, (৫) সিইও, রিভারভিউ ক্যান্টঃ বোর্ড স্কুল, পোস্তগোলা, (৬) সিইও, ক্যান্টঃ বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর, (৭) সিইও, আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী, (৮) সিইও, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল, (৯) সিইও, আর্মি কঞ্জারভেন্সী, (১০) সিইও, নেভী কঞ্জারভেন্সী, (১১) সিইও, বিমান বাহিনী কঞ্জারভেন্সী।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারী/দাতার নাম, ঠিকানা ও তারিখ | গ্রহীতা/ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র/রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী# ১৬/এইচ, ফ্ল্যাট#বি-৪ রোড# ২/এ ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস। | মিসেস উম্মে কুলসুম স্বামী- লেঃ কর্ণেল ফরিদুল মাহমুদ (অবঃ) বাড়ী# ১৬/এইচ, ফ্ল্যাট#বি-৪ রোড# ২/এ ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস। ১৩/১২/২০১১ | মিসেস উম্মে কুলসুম স্বামী- লেঃ কর্ণেল ফরিদুল মাহমুদ (অবঃ) বাড়ী# ১৬/এইচ, ফ্ল্যাট#বি-৪ রোড# ২/এ ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস। | ১৩০০/১২০/৫৭/৫ তাং-১৪/৭/২০১১ | অত্র দপ্তরের ২১/৮/২০১১ তারিখের ঢাকাক্যাবো/ক্যাবোঃ এঃ/১৬/এইচ/ফ্ল্যাট নং-বি-৪/১৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৫৫০ বঃফুঃ বার্ষিক গৃহকর- ৯,০০০/ টাকা। জুন, ২০১২ পর্যন্ত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

সিদ্ধান্ত ঃ রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতার নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ মহাখালী ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস বরাদ্দের জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস শপিং কমপ্লেক্স দোকান/স্পেস বরাদ্দের জন্য জামানত/কিস্তি বাবদ জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ গত ২৬ ডিসেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১২ এর সিদ্ধান্তক্রমে রজনীগন্ধা টাওয়ার ও ১৬ দোকান এর দোকান বরাদ্দের নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটি কর্তৃক পর্যালোচনা ও সংশোধনকৃত নীতিমালা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ২৬ ডিসেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১২ এর মাধ্যমে গঠিত কমিটি কর্তৃক সুপারিশকৃত নীতিমালা নিম্নোক্তভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

**ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা টাওয়ার ও ১৬ দোকানের দোকান/স্পেস ইজারা/বরাদ্দের নীতিমালা**

১। বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিয়মানুযায়ী 'সিইও', ঢাকা দোকানসমূহ ইজারা/বরাদ্দ প্রদান করবে।

২। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট এর মার্কেটসমূহের দোকান ১০ বছরের জন্য বিধি মোতাবেক নির্ধারিত ব্যবসা করার জন্য ইজারা/বরাদ্দ প্রদান করা হবে।

৩। প্রতিটি দোকান/স্পেস/ফ্লোর ১০(দশ) বছরের জন্য ইজারা/বরাদ্দ প্রদান করা হবে, যা দরপত্র আহবান করে প্রকাশ্য নিলাম অথবা গোপন সিডিউল এর মাধ্যমে ইজারা/বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। প্রকাশ্য নিলামে অংশ গ্রহণের জন্য নাম লিপিবদ্ধ জামানত বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট **"ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট"** এর অনুকূলে (ফেরতযোগ্য) জমা দিতে হবে এবং গোপন সিডিউল এর মূল্য ২,০০০/-(দুই হাজার) টাকা (অফেরতযোগ্য)।

৫। দোকান বরাদ্দের আবেদনপত্রের সংগে যে কোন সিডিউল ব্যাংক হতে **"ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট"** এর অনুকূলে প্রাথমিক জামানত হিসেবে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দিতে হবে। যে সকল আবেদনকারীর আবেদন দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে না তাদের জমাকৃত জামানত যথাসময়ে ফেরত দেয়া হবে।

৬। আবেদনপত্রের সংগে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ও সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদপত্র, জন্ম সনদ বা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং আয়কর সনদের কপি সংযুক্ত করতে হবে।

৭। মার্কেটসমূহের দোকান ইজারা/বরাদ্দ প্রদানের জন্য প্রকাশ্য ডাক গ্রহণ বা সিডিউল দর গ্রহণের জন্য কমিটি গঠন করা হবে। গঠিত কমিটি কর্তৃক প্রদত্ত দর যাচাই/বাছাই করে গ্রহণ/বাতিলের নিমিত্তে সুপারিশ/মন্তব্য প্রদান করবেন।

৮। ইজারা/বরাদ্দকৃত দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ইজারা/বরাদ্দগ্রহীতা-কে দোকান বরাদ্দের সময় প্রদত্ত সালামীর উপর ২৫% অর্থ নবায়ন ফি হিসেবে বোর্ডে জমা প্রদান সাপেক্ষে পরবর্তী ১০(দশ) বছরের জন্য দোকান/স্পেস/ফ্লোর নবায়ন করা যাবে। এই নিয়মে পরবর্তী প্রতি ১০ (দশ) বছর অন্তর অন্তর নবায়ন কার্যক্রম পরিচালিত হবে।

৯। যে সকল আবেদনকারীর আবেদন দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে তাদের প্রাথমিক বরাদ্দ প্রদানের পরবর্তী মাস থেকে দুই মাস পর পর সমান ০৮(আট) টি কিস্তিতে সর্বমোট সালামীর অর্থ ইজারা/বরাদ্দ গ্রহীতা পরিশোধ করবে। কোন ইজারা/বরাদ্দ গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে এক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ১০,০০০/-(দশ হাজার) টাকা, দুই কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং তিন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বিলম্ব ফি সহ কিস্তির টাকা পরিশোধ করতে হবে। ০৩ (তিন) কিস্তির তদুর্ধ কিস্তি অর্থ সময়মত পরিশোধে ব্যর্থ হলে দোকান/স্পেস ইজারা/বরাদ্দ বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে জমাকৃত প্রাথমিক জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে এবং প্রদত্ত কিস্তির টাকার উপর ২০% কর্তন করে অবশিষ্ট টাকা ফেরত দেয়া হবে।

১০। সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে প্রাথমিক জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ বোর্ডের অনুমোদন সাপেক্ষে ফেরত দেয়া হবে।

১১। দোকান/স্পেস ইজারা/বরাদ্দের নিমিত্তে পৃথক পৃথক দোকানের জন্য ডাক ও সিডিউল বিক্রি করতে হবে এবং প্রত্যেক দোকানের জন্য আলাদাভাবে ডাক বা দর উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে দোকান ইজারা/বরাদ্দের জন্য প্রাথমিকভাবে গঠিত কমিটি কর্তৃক যাচাইকৃত দর বোর্ডের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত কিস্তিতে সালামীর টাকা পরিশোধ করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ চূড়ান্ত অনুমোদনের পর সমুদয় সালামীর টাকা পরিশোধ সাপেক্ষে দোকান/স্পেস বুঝিয়ে দেয়া হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কোন দোকানের দর অনুমোদন করা না হলে তার জমাকৃত জামানতসহ সমুদয় কিস্তির টাকা ফেরত প্রদান করা হবে।

১২। সংশ্লিষ্ট মার্কেটের ১ম তলায় (গ্রাউন্ড ফ্লোর) প্রতি বর্গফুট স্পেসের জন্য কমপক্ষে ১৭,০০০/- (সতের হাজার ) টাকা ও ২য় তলায় প্রতি বর্গফুট ১৬,০০০/- (ষোল হাজার ) টাকা এবং ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলায় যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার ) টাকা, ১৪,৫০০/-(চৌদ্দ হাজার পাঁচশত) টাকা, ১৪,০০০/-(চৌদ্দ হাজার) টাকা ও ১২,০০০/- (বার হাজার) টাকা সর্বনিম্ন দর ধার্য করা হলো। উদ্ধৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক আয়কর-ভ্যাট প্রদেয় হবে।

১৩। একই দোকান/স্পেস এর জন্য একাধিক দরদাতার দর একই হলে লটারীর মাধ্যমে বিজয়ী নির্ধারণ হবে।

১৪। অনুমোদিত ইজারা/বরাদ্দকৃত দোকানের মাসিক ভাড়া ১ম তলা (নীচ তলা) প্রতি বর্গফুট ৮.৭৫ টাকা, ২য় তলা প্রতি বর্গফুট ৮.০০ টাকা, ৩য় তলা ও ৪র্থ তলা প্রতি বর্গফুট ৭.৫০ টাকা, এবং ৫ম ও ৬ষ্ঠ তলা প্রতি বর্গফুট ৭.০০ টাকা হারে নির্ধারিত (শীতাতপ ব্যতিত)। শীতাতপ নিয়ন্ত্রিত মার্কেটের ১ম তলা (নীচতলা) ও ২য় তলা প্রতি বর্গফুট ৯.০০ টাকা, ৩য় তলা ও ৪র্থ তলা প্রতি বর্গফুট ৮.০০ টাকা, এবং ৫ম তলা ও ৬ষ্ঠ তলা প্রতি বর্গফুট ৭.৫০ টাকা হারে এবং তদুর্ধ্ব ৭.০০ হারে নির্ধারিত।

১৫। দোকান ভাড়া প্রতি ০৩ (তিন) বছর অন্তর অন্তর পুনঃ নির্ধারণ করা হবে।

১৬। নির্ধারিত মাসিক ভাড়া পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বোর্ডের রেভিনিউ শাখায় জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে ১১ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ টাকা) হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে। উল্লেখ্য যে জুন মাসের ভাড়া জুন মাসের ২৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২৬ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ) টাকা হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে।

১৭। প্রতিটি দোকানের জন্য পৃথক বৈদ্যুতিক মিটার থাকবে যা বোর্ড কর্তৃক নির্ধারিত কোম্পানীর মিটার ইজারা গ্রহীতা কর্তৃক স্থাপন করতে হবে। মিটার অনুযায়ী ইজারা/বরাদ্দ গ্রহীতা নিজ দায়িত্বে সরকার কর্তৃক ধার্য হারে বিদ্যুৎ বিল নিয়মিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে পরিশোধ করতে হবে; কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে পুনরায় সংযোগ স্থাপনের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতা কর্তৃক ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা সংযোগ ফি প্রদান করতে হবে।

১৮। এয়ার কন্ডিশন, লিফট ও এসকালেটর স্থাপন করা হলে এর সার্ভিস চার্জ/মেরামত চার্য বোর্ড কর্তৃক নির্ধারিত হারে বোর্ডের রেভিনিউ শাখায় জমা দিতে হবে। এখানে সার্ভিস চার্জ বলতে বিদ্যুৎ বিল এবং লিফটম্যান/এসকালেটর অপারেটরের বেতন বাবদ প্রদেয় অর্থকে বুঝাবে।

১৯। মার্কেটের ব্যবসার ধরনঃ- **(ক) রজনীগন্ধা টাওয়ার ঃ**

(১) ১ম তলা (গ্রাউন্ড ফ্লোর)- স্যানেটারী, ক্রোকারিজ, ফার্মেসী, স্টেশনারী, হার্ডওয়ার, মিস্টি-দই।

(২) ২য় তলা (ফাস্ট ফ্লোর)- থান কাপড়, শাড়ী পাঞ্জাবী, টেইলার্স, রেডিমেট গার্মেন্টস, বুটিক।

(৩) ৩য় তলা (সেকেন্ড ফ্লোর)- কসমেটিকস, শো-পিস, ফাস্ট ফুড, স্টুডিও, লাইব্রেরী, খেলনা, জুতা, ব্যাগ।

(৪) ৪র্থ তলা (থার্ড ফ্লোর) - বোরকা, মশারী, জুয়েলারী, চশমা, সেণ্ডুন, ইলেক্ট্রনিক্স সামগ্রী।

(৫) ৫ম তলা (ফোর্থ ফ্লোর)- ডাক্তার চেম্বার, ডেন্টাল চেম্বার ও ল্যাবরেটরী।

(৬) ৬ষ্ঠ তলা (ফিফথ ফ্লোর) - ডাক্তার চেম্বার, ডেন্টাল চেম্বার ও অফিস স্পেস।

**(খ) রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ১৬ দোকান ঃ**

(১) ১ম তলা (গ্রাউন্ড ফ্লোর)-ক্রোকারিজ, ফার্মেসী, স্টেশনারী, হার্ডওয়ার, দই-মিষ্টি, ফল-মুল, ফাস্টফুড।

(২) ২য় তলা (ফাস্ট ফ্লোর)- কসমেটিকস, বুটিক, জুতা ব্যাগ।

(৩) ৩য় তলা (সেকেন্ড ফ্লোর)-রেডিমেট গার্মেন্টস, থান কাপড়, টেইলার্স, স্টুডিও।

(৪) ৪র্থ তলা (থার্ড ফ্লোর) - শাড়ী, বোরকা, মশারী, জুয়েলারী, চশমা, ডাক্তার চেম্বার।

২০। মার্কেটের প্রত্যেক ফ্লোরে যে, যে ধরনের ব্যবসার জন্য নির্ধারিত সে ধরনের ব্যবসা ব্যতীত অন্য কোন ব্যবসা করা যাবে না।

২১। মার্কেটের পরিস্কার-পরিচ্ছন্নতাসহ নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাপনার ব্যয় নির্বাহের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতাগণকে, বোর্ড কর্তৃক ধার্যকৃত হারে সার্ভিস চার্জ পরিশোধ করতে হবে।

২২। দোকান ইজারা/বরাদ্দ প্রাপ্তির পর ১৫(পনের) দিনের মধ্যে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে বোর্ডের সংগে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদন করার পর দোকান/স্পেস হস্তান্তর হবে। হস্তান্তরের তারিখ হতে দোকান ভাড়া ও অন্যান্য ফি কার্যকর হবে।

২৩। কোন মার্কেট পুনঃ নির্মাণের কারণে ক্ষতিগ্রস্থ হলে দোকান মালিকগণকে নব নির্মিত মার্কেটে দোকান বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে নির্মাণ ব্যয় এর উপর ১৫% টাকা যোগ করে সালামী গ্রহণ সাপেক্ষে নিয়ম মোতাবেক দোকান বরাদ্দ দেয়া হবে।

২৪। ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকানে কোন অসামাজিক/অবৈধ/সন্ত্রাসী কার্যকলাপ পরিলক্ষিত হলে তাৎক্ষনিক দোকান ইজারা/ বরাদ্দ বাতিল কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করা হবে।

২৫। মার্কেটে ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকান হস্তান্তর/ বিক্রয়ের পূর্বে অবশ্যই বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে। বিক্রয়ের ক্ষেত্রে হস্তান্তর পূর্বানুমতি ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ও উত্তরাধিকার/দান এর ক্ষেত্রে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রদান করতে হবে। নামজারী ফি বাবদ বিক্রয় হস্তান্তরের ক্ষেত্রে ১০,০০০/-(দশ হাজার) টাকা এবং দান/উত্তরাধিকার ক্ষেত্রে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান করতে হবে।

২৬। ইজারা/বরাদ্দ গ্রহীতা বোর্ডের পূর্বানুমতি গ্রহণ ও ১০,০০০/- টাকা ফি প্রদান সাপেক্ষে ভাড়া দিতে পারবেন, কিন্তু উপ-ভাড়া দেয়া যাবে না।

২৭। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত নিরাপত্তা ছাড়পত্র ব্যতিরেকে অথবা সেনানিবাসের নিরাপত্তার প্রতি হুমকি স্বরূপ কোন ব্যক্তিকে দোকান ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদান করা যাবে না।

২৮। যে কোন ডাক ও দরপত্র সিডিউল কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।

২৯। ইতিপূর্বে ইজারা/বরাদ্দকৃত দোকানসমূহের ধার্যকৃত সালামী ইজারা মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৩০। মার্কেটের সকল ব্যবসায়ীকে স্ব স্ব ট্রেড/ধরন অনুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ড হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।

৩১। রজনীগন্ধা টাওয়ারে সামরিক কোটার (যা কিউএমজি মহোদয়ের সুপারিশ মোতাবেক বরাদ্দ করা হবে) নির্ধারিত দোকানসমূহ বরাদ্দের ক্ষেত্রে বোর্ড কর্তৃক ধার্যকৃত সর্বনিম্ন দরের অর্ধেক সালামী প্রযোজ্য হবে। ধার্য সালামীর উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর বরাদ্দগ্রহীতাকে পরিশোধ করতে হবে এবং অন্যান্য শর্তাবলী এই নীতিমালার আলোকে বাস্তবায়িত হবে।

৩১। এই নীতিমালা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা টাওয়ার এর ১৬ দোকানের ক্ষেত্রে অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

আলোচ্যসূচী-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক ব্লকের মেয়াদোত্তীর্ণ ২২টি দোকান পুনঃ বরাদ্দের সালামী কমানো এবং মেয়াদ বৃদ্ধি প্রসংগে ২৬ ডিসেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৯ এর সিদ্ধান্তমূলে গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনা।

সিদ্ধান্ত ঃ পার্ক ব্লকের প্রস্তাবিত ২২ টি দোকানের জন্য ধার্যকৃত সালামী ১,২৫,০০০/-(এক লক্ষ পঁচিশ হাজার) টাকা বলবৎ রেখে দোকানসমূহের মেয়াদ ০৫ বছরের স্থলে ১০ বছর করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১০ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪২/এ নং বাড়ীর ৫ নং ফ্ল্যাটের ধার্যকৃত গৃহকর মুক্তিযোদ্ধা হিসেবে কমানোর আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ আবেদনকারী একজন মুক্তিযোদ্ধা এবং নিজে সপরিবারে বসবাস করেন বিধায় বিশেষ বিবেচনায় ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪২/এ নং বাড়ীর ৫ নং ফ্ল্যাটের ২০১০-২০১১ সালের বাৎসরিক গৃহকর ৯,০০০/- টাকার স্থলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে শর্ত থাকে যে, যদি নিজ বসতির বদলে কখনো উক্ত ফ্ল্যাট ভাড়া দেয়া হয় তবে প্রচলিত নিয়মে গৃহকর ধার্য করা হবে।

আলোচ্যসূচী-১১ঃ গত ২৬ ডিসেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৭ ও ৮ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০ বছর মেয়াদী ৯০০ বর্গফুট বিশিষ্ট ৮৮ ও ৯৯ নং শপ প্লট দু'টি ইজারা মেয়াদান্তে পরবর্তী মেয়াদে নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০ বছর মেয়াদী ৯০০ বর্গফুট বিশিষ্ট ৮৮ ও ৯৯ নং শপ প্লট দু'টি মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ৩০ (ত্রিশ) বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১২ঃ রজনীগন্ধা সুপার মার্কেট এর ব্লক-এ, বি, ডি এর ২৯টি এবং জবাইখানার ১৬টি দোকানের মেয়াদোত্তীর্ণের প্রেক্ষিতে পুনঃ বরাদ্দ ও সালামী নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বহুতল বিশিষ্ট আধুনিক মার্কেট নির্মাণ কাজ শীঘ্রই শুরু হবে বিধায় আপাততঃ দোকান পুনঃ বরাদ্দের বিষয়টি বিবেচনা না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ গত ১৬ নভেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৪ এর সিদ্ধান্তমূলে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার হার্ডস্ট্যান্ডে ট্রেড ভিত্তিক ব্যবসা পরিচালনা প্রসংগে গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনা।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেট কমিটির মাধ্যমে হকার হার্ডস্ট্যান্ডের ট্রেড ভিত্তিক ব্যবসা পরিচালনার বিষয়টি তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | বিডি-৬০৬০ উইং কমান্ডার শেখ আব্দুস সাত্তার (অবঃ) | ৪২৪ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা |
| ২। | বিএ-২০৩০ লেঃ কর্ণেল এখতেদার আহমেদ সিদ্দিকী, পিএসসি (অবঃ) | ৫৬১ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা |
| | লেঃ কর্ণেল এস এম শমসের আলী | ৫৫৯ | | |
| ৩। | বিএ-২০৪২ মেজর জেনাঃ মোঃ জাহিদুর রহমান, পিএসসি, জি+ | ৭১৫ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ৪। | পি নং-২৪৭ ক্যাপ্টেন আবু তাহের গোলাম মোহাম্মদ সরকার | ৬৯৩ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৫। | পি নং-২৬৬ কমডোর জোবায়ের আহমেদ, (ই), বিএন | ৫৭২ | মিরপুর ডিওএইচএস | ৭ম তলা নতুন ভবন |
| ৬। | বিএসএস-১৩৬০ মেজর আজিজুল হক | ১৩২ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৭। | বিএ-১০০৩০৫ ব্রিগেঃ জেনাঃ মোঃ সাইদুর রহমান | ৫৪৯ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | বিএ-১০০২৫৩ লেঃ কর্নেল রায়হান শরীফ<br>বিইসি-১০০১১৪ মেজর লায়লা রশিদ | ৭১৬ | মিরপুর ডিওএইচএস | ৭ম তলা নতুন ভবন |
| ৯। | বিএ-১০০২৭৬ মেজর (অবঃ) মোঃ সায়েব আলী | ৮০৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৭ম তলা নির্মাণ খালি প্লট |
| ১০। | বিএ-১০০৩৩৪ ব্রিগেঃ জেনাঃ নাজমুল আহছান | ৪৫০/এ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ১১। | মিসেস মুনমুন আক্তার গং<br>শহীদ বিএ-১৯৬৯ লেঃ কর্নেল শামছুল আজম | ৫১৫ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৭ম তলা নতুন ভবন<br>খালি প্লট |
| ১২। | বিডি-৭১০৩ গ্রুপ ক্যাপ্টেন মনসুরুল আলম | ৭৩২ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ১৩। | বিএ-১০০৩৬৯ ব্রিগেঃ জেনাঃ মোঃ ইউসুফ আলী মন্ডল | ৮১৬ | মিরপুর ডিওএইচএস | ৭ম তলা নতুন ভবন |
| ১৪। | বিএ-২০৮১ ব্রিগেঃ জেনাঃ কাজী মাসুদ উল-মাহমুদ, পিএসসি | ৪৪৪ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ১৫ | বিএ-২৩১৯ ব্রিগেঃ জেনাঃ আবুল মুকছিদ মোঃ ওয়াজেদ ঠাকুর, পিএসসি | ১০০৯ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ১৬। | বিএ-১০০৩২০ কর্নেল এ আই এম রফিকুল ইসলাম | ১০৯৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ১৭। | বিএ-১০০৩১৬ লেঃ কর্নেল মোঃ গোলাম হোসেন | ১০৫৩ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ১৮। | বিএ-২২০৭ লেঃ কর্নেল মির্জা মোঃ নুরুল হক | ৭৬৮/এ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ১৯। | বিএসএস-১৪৭৭ মেজর খান মোহাম্মদ জানে আলম | ৩৪৪ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ২০। | বিএ-১৯৩৩ লেঃ কর্নেল নাজমুল হক | ৫৯৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ২১। | বিএ-১৮৯৭ ব্রিগেঃ জেনাঃ মাকসুদুজ্জামান, এএফডব্লিউসি, পিএসসি, এনডিসি | ৫৫৭ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ২২। | বিএসএস-১৬৮৯ মেজর (অবঃ) এ এন এম ইউসুফ আলী খান | ৬৩০ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ২৩। | বিএ-২৩৯৩ কর্নেল মোঃ মোখলেছুর রহমান | ৭৬৪/এ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ২৪। | বিএসএস-১৫১৫ মেজর এ জি এম ইকবাল আহমেদ শাহ (অবঃ) | ৩৫৬ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৭ তলা নতুন ভবন (খালি প্লট) |
| ২৫। | বিএ-২০৪৬ লেঃ কর্নেল হাসান মাহমুদ | ৭৮৯ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ২৬। | ব্রিগেঃ জেনাঃ মোঃ সাইদুর রহমান | ১০৪৮ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| | বিএ-১০০৩১৯ লেঃ কর্নেল মোঃ মাহবুবুল হক | ১০৪৭ | | |
| ২৭। | বিএসএস-১৬৩৮ লেঃ কর্নেল (অবঃ) শেখ আমজাদ হোসেন | ৫৬৯ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| | লেঃ কর্নেল সৈয়দ মোঃ রেজাউল আলম | ৫৬৭ | | |
| ২৮। | বিএ-১১০১৩৩ লেঃ কর্নেল (অবঃ) মোঃ জুলফিকার আলী ফারুকী | ১০৬১ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ২৯। | বিডি-৭০২৫ গ্রুপ ক্যাপ্টেন শেখ নাছিম আলী | ৩৮২ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৭ম তলা নতুন নির্মাণ (খালি প্লট) |
| ৩০। | বিএ-২০০৯ লেঃ কর্নেল মোঃ আজিমুল্লাহ বাহার, পিএসসি | ৪৬৭ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ৩১ | বিএ-১০০২০১ ব্রিগেঃ জেনাঃ নুরুল আমিন | ২০৬ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৭ম তলা নতুন নির্মাণ (খালি প্লট) |
| ৩২। | বিএ-১৬২১ লেঃ কর্নেল হাফিজ উদ্দিন আহমেদ | ১৪৩ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৭ম তলা নতুন নির্মাণ (খালি প্লট) |
| ৩৩। | বিএ-১০০১১৯ কর্নেল এস এম মিজানুর রহমান<br>বিইসি-১১০১১৮ লেঃ কর্নেল শামীমা সামাদ | ১০৯৫ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ৩৪। | বিএ-১৯৪৯ ব্রিগেঃ জেনাঃ এইচ আর এম রোকন উদ্দিন, পিএসসি | ৬৪৮ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৩৫। | বিইসি-১১০১০৭ লেঃ কর্নেল মাহমুদ হোসেন চৌধুরী<br>বিইসি-১১০১০৮ মেজর নুরুন্নাহার | ৫৬৪ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ৩৬। | বিএ-১৯৫৩ লেঃ কর্নেল (অবঃ) আ ক ম জাহিদ হোসেন | ৬৭৭ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ৩৭। | বিএ-১০০৩০৯ লেঃ কর্নেল সৈয়দ আবত্তহী | ১১৩৫ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৮। | বিএ-২২২৭ মেজর (অবঃ) লিয়াকত আলী ভূইয়া | ১০৩৫ | মিরপুর ডিওএইচএস | ৭ তলা নতুন ভবন |
| ৩৯। | বিএসএস-১৬০৫ মেজর জুলফিকার মোঃ সাজ্জাদ হোসেন | ১৫৪ | মিরপুর ডিওএইচএস | যৌথভাবে সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| | মেজর মোঃ মোসাদ্দেক মাহতাবুর রহমান (অবঃ) | ১৫৫ | | |
| ৪০। | বিএ-১০০২২৪ ব্রিগেঃ জেনাঃ এ কে এম মাসুদ | ৬৬৯ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৪১। | বিএ-১৬৬২ মেজর (অবঃ) আবু মোহাম্মদ মুস্তফা আজিজ | ৬৪৬ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৪২। | আজরা নারভীন আহমেদ | ৮৭ | বনানী ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৪৩। | রফিউল আলম রশিদ গং | ২৩ | বনানী ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৪৪। | কোহিনূর আক্তার | বি/১৫২ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৪৫। | সৈয়দা মাহতাব গং | ৩৮২ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ৭ম তলা নতুন নির্মাণ (খালি প্লট) |
| ৪৬। | বিএ-৪৬২ ব্রিগে জেনাঃ কাজী মাহমুদ হাসান | বি/১২২ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ৭ম তলা নতুন নির্মাণ (খালি প্লট) |
| ৪৭। | মিসেস আয়মান আনাম<br>স্বামী- ব্রিগেঃ জেনাঃ শাহেদুল আনাম খান | ২১১ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ৭ম তলা নতুন নির্মাণ (পুরাতন ১ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| ৪৮। | বিএ-১২৬৬ ব্রিগেঃ জেনাঃ এ কে এম রফিকুল ইসলাম (অবঃ) | ১৮৮ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৪৯। | বিএ-১৪৭৬ ব্রিগেঃ জেনাঃ ইলিয়াস ইফতেখার রসুল | ৪৪৭/এ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৫০। | বিএসএস-৬৬৯ কর্নেল মুশতাক আহমেদ | ৩১৪ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ |
| ৫১। | জনাব মোঃ মোজাম্মেল হক মোল্লা<br>জনাব মোঃ আব্দুল হামিদ | ৫৪১/৩ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৫২। | জনাব মোঃ নূরের রহমান ভূইয়া<br>জনাব মোঃ হাবিবুর রহমান ভূইয়া | ৫৪৬/২ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ |
| ৫৩। | জনাব আজমাতুল হক গং | সিএস-১৫১, মৌজা-লালাসরাই, সিবি-৬ এবং ৬/১ | কচুক্ষেত পুরান বাজার | ০৭ তলা নতুন ভবন নির্মাণ |

সিদ্ধান্ত ঃ নতুন আবাসিক ভবনসমূহ নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ভার্টিক্যাল এক্সটেনশনের ক্ষেত্রে এমআইএসটি থেকে কারিগরী মতামত প্রাপ্তি সাপেক্ষে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্লট প্রতি এমআইএসটি এর ধার্যকৃত ফি সংশ্লিষ্ট প্লট মালিককে পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১৫ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ৫০০ কেভিএ সাব-স্টেশন বিল্ডিং নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ৫০০ কেভিএ সাব-স্টেশন বিল্ডিং নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বনানী ডিওএইচএস এর মসজিদ রোড (উত্তরাংশ) উঁচুকরণ ও প্রশস্ত করণসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ১৩,৪৭,৮৬৪/- টাকা | বনানী ডিওএইচএস বিবিধ খাত |
| (২) | বনানী সামরিক কবরস্থানের প্রবেশ রাস্তার পশ্চিম দক্ষিণ কর্ণারে বিউটি স্পট নির্মাণ। | ৩৯,৬০০/-" | আর্মি কন্ট্রারভেন্সী খাত |

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-২ এ উল্লেখিত কাজের দরপত্র আহবান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | বনানী ডিওএইচএস ইস্টার্ণ রোডের বাউন্ডারী ওয়াল উঁচুকরণসহ কাটা তারের বেড়া স্থাপন। | ১০,২৮,৭৭৪/- | দি মুন এন্টারপ্রাইজ | ১০,৭৯,৬৯৮/- | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস |
| ২। | বনানী ডিওএইচএস এলাকার সকল ড্রেন পরিস্কারকরণসহ আরসিসি স্লাব নির্মাণ, মেরামত ও পুনঃস্থাপন। | ৪,০১,৭৪৩/- | জে ইউটিলিটি কোং | ৩,৮১,৬৫৬/- | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ৩। | বনানী ডিওএইচএস চেকপোষ্টগুলো সংস্কার ও মেরামতসহ টয়লেট নির্মাণ। | ৪,৪২,১৪০/- | মেসার্স হারুন এন্টারপ্রাইজ | ৪,২০,০৩৩/- | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ৪। | বনানী ডিওএইচএস এলাকার রোড নং-৪ ও ৫ মেরামত ও কার্পেটিং করণ। | ৫২,১৪,৫৭৭/- | মেসার্স সফির ট্রেডিং কর্পোরেশন | ৪৯,৫৩,৮৪৮/- | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ৫। | বনানী ডিওএইচএস খেলার মাঠে ভিটি বালু ফেলানোসহ পানি নিষ্কাশনের ব্যবস্থা করণ। | ৫,৬০,৬২৮/- | মেসার্স দি আজাদ কনস্ট্রাকশন কোং | ৫,৩২,৫৯৬/- | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ৬। | বনানী ডিওএইচএস এলাকার পুকুর পাড়ের রাস্তা প্রশস্থকরণসহ কার্পেটিং কাজ। | ৮,৩২,৭৬৭/- | মেসার্স মাল্টিপোল ট্রেড ইন্টারন্যাশনাল | ৭,৯১,১২৮/- | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ৭। | মহাখালী ডিওএইচএস এলাকার পার্কের ভিতরে চতুর্দিকে ওয়াকওয়ে প্রশস্থ করণ। | ৪,২০,৫৬৩/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৩,৯৯,৫৩৪/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ৮। | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১, ৩, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭ প্রশস্থকরণসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ৫৬,৬৬,৬৯৮/- | মেসার্স মাল্টিপোল ট্রেড ইন্টারন্যাশনাল | ৫৩,৮৩,৩৬৩/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ৯। | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৩, ২৯ ও ১৯/এ প্রশস্থকরণসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ৫৮,৬১,২০৮/- | মেসার্স কে এ ট্রেডার্স | ৫৫,৬৮,১৪৭/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ১০। | মহাখালী ডিওএইচএস এলাকার পশ্চিম পার্শ্বের বাউন্ডারী ওয়াল অগ্রাধিকার ভিত্তিতে উঁচুকরণ ও কাটা তার স্থাপন কাজ। | ১৬,৪৩,৪৪৪/- | মেসার্স কে টি এস ট্রেডিং কোং | ১৫,৬১,২৭১/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ১১। | মহাকালী ডিওএইচএস এলাকার লেকের দক্ষিণ দিকে বাড়ি বরাবর পুর্বে স্থাপিত খুঁটি মেরামত, পুনঃস্থাপন ও তার লাগানো। | ১,৬৫,৫৯৫/- | জে ইউটিলিটি কোং | ১,৫৭,৩১৫/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ১২। | মহাখালী ডিওএইচএস এলাকার লেক রোড প্রশস্থকরণসহ উচু করে মেরামত ও কার্পেটিং কাজ। | ৩৫,০৩,০৭৭/- | মেসার্স দি আজাদ কনস্ট্রাকশন কোং | ৩৩,২৭,৯২৩/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ১৩। | মহাখালী ডিওএইচএস এলাকার সিকিউরিটি ব্যারাক এর ৩য় তলা নির্মাণ। | ২১,৪৯,৩৪৩/- | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | ২২,৫৪,৬৬০/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ১৪। | মহাখালী ডিওএইচএস এলাকার সেন্ট্রাল রোড প্রশস্থকরণসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ৭৮,৭০,৩৪৮/- | মেসার্স মাল্টিপোল ট্রেড ইন্টারন্যাশনাল | ৭৪,৪৬,৮৩০/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ১৫। | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২১ হতে ২৭ পর্যন্ত সংযোগ প্রশস্থকরণসহ কার্পেটিং কাজ। | ২৫,৩৫,৭১৬/- | মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন | ২৪,০৮,৯৩০/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৬। | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৩ হতে ২৭ পর্যন্ত সংযোগ সড়কের পূর্ব পার্শ্বের পাকা ড্রেন পুনঃ নির্মাণ কাজ। | ৪,৭৬,০৬৫/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ৪,৫২,২৬১/- | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও স্থানীয় আয়ের উৎস (লটারীতে বিজয়ী) |
| ১৭। | শহীদ সরণিস্থ স্টাফ রোড টি ক্রসে পুরাতন ট্রাফিক পোষ্ট পরিবর্তন করে একটি উন্নত মানের ট্রাফিক পোষ্ট নির্মাণ কাজ। | ১,৯৯,৮৫০/- | মেসার্স মনির এন্ড কোং | ২,০৯,১৮২/- | বোর্ড ফান্ড |
| ১৮। | ঢাকা ক্যান্টনমেন্ট পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ২০০০-২৪০০ সিসি ০১(এক)টি এ্যাম্বুলেন্স ও ০১(একটি) মাইক্রোবাস সরবরাহ করণ। | - | অটো ওয়ার্ল্ড | ৭০,০০,০০০/- | জি ও বি |
| ১৯। | রজনীগন্ধা সুপার মার্কেটের ময়লা অপসারণের জন্য ০১টি ভ্যান গাড়ী ও ০৩টি ট্রলি গাড়ী ক্রয়। | ৪৩,০০০/- (বাজার দর) | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ৪৩,০০০/- | আর্মি কন্সারভেন্সী খাত |
| ২০। | সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে আর্মি এমপি ইউনিটকে ১২টি সাইনবোর্ড সরবরাহ কাজ। | ১,৯৯,৫০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ১,৯৯,৫০০/- | বোর্ড ফান্ড |
| ২১। | শহীদ বদিউজ্জামান রোডে অতি বৃষ্টির কারণে সৃষ্ট গর্ত মেরামতসহ বিটুমিনাস কার্পেটিং কাজ। | ৫,১৪,২৭৮/- | মেসার্স সোহেল এন্ড ব্রাদার্স | ৪,৮৮,৫৬৪/- | বোর্ড ফান্ড (লটারীতে বিজয়ী) |
| ২২। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-১৪ ও ২০ এর কার্পেটিং করণ কাজ (গ্রুপ-১)। | ৬৯,২২,৭১৭/- | মেসার্স একে কনস্ট্রাকশন ১৫৬/৫, মাটিকাটা, ঢাকা ক্যান্ট। | ৬৫,৭৬,৫৮১/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ২৩। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-১৫ ও ২১ এর কার্পেটিং করণ কাজ (গ্রুপ-২) | ৬১,৫৫,৭৪৪/- | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশণ | ৫৮,৪৭,৯৫৬/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ২৪। | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৬২৮ হতে প্লট নং-৭৭৮ পর্যন্ত রাস্তার কার্পেটিং করণ কাজ (গ্রুপ-৩)। | ২০,১৯,৬১৬/- | মেসার্স এসএস ট্রেড এন্টারপ্রাইজ | ১৯,১৮,৬৩৫/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ২৫। | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৪২৮ হতে প্লট নং-৫৮৯ পর্যন্ত রাস্তার কার্পেটিং করণ কাজ (গ্রুপ-৪)। | ২৮,৩৮,৬২৭/- | মেসার্স এমআর ট্রেড ইন্টারন্যাশনাল | ২৬,৯৬,৬৯৫/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ২৬। | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৬৫৬ হতে প্লট নং-৭৯২ পর্যন্ত রাস্তার কার্পেটিং করণ কাজ (গ্রুপ-৫)। | ২০,১৯,৬১৬/- | মেসার্স আফসারা কনস্ট্রাকশন | ১৯,১৮,৬৩৫/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ২৭। | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৩৯২ হতে প্লট নং-৪৪০ এবং প্লট নং-৪৫১ হতে ৬০৩ পর্যন্ত এসফাল্ট প্লান্টের সাহায্যে রাস্তার কার্পেটিং করণ কাজ (গ্রুপ-৬)। | ১,২৪,৬০,৭৮৫/- | মেসার্স এমআর ট্রেড ইন্টারন্যাশনাল | ১,১৮,৩৭,৭৪৫/ - | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ২৮। | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৪৫৮ হতে প্লট নং-৫৯১ পর্যন্ত রাস্তার কার্পেটিং করণ কাজ (গ্রুপ-৭)। | ২৪,৬৩,১৯১/- | মেসার্স হারুন এন্টারপ্রাইজ | ২৩,৪০,০৩১/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ২৯। | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৬৮২ হতে প্লট নং-৮০৬ পর্যন্ত রাস্তার কার্পেটিং করণ কাজ (গ্রুপ-৮)। | ২০,১৯,৬১৬/- | মেসার্স লাকী ট্রেডার্স | ১৯,১৮,৬৩৫/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ৩০। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৩০ এর কার্পেটিং করণ কাজ (গ্রুপ-৯) | ৩৮,৩০,৪৪৩/- | মেসার্স সেভেন সীরিজ এন্টারপ্রাইজ | ৩৬,৩৮,৯২০/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ৩১। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৩১ এর কার্পেটিং করণ কাজ (গ্রুপ-১০) | ৩৫,৬৮,৭৭১/- | মেসার্স ফ্রিন্ট এন্ড ব্রাদার্স | ৩৩,৯০,৩৩২/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩২। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-২২, ২৬ ও ৩২ এর কার্পেটিং করণ কাজ (গ্রুপ-১১) | ৯২,৮৪,৪৭৬/- | মেসার্স সন্ধানী বিল্ডার্স | ৮৮,২০,২৫২/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ৩৩। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-২৩ ও ৩৫ এর কার্পেটিং করণ কাজ (গ্রুপ-১২)। | ৬৯,১৪,২৯৩/- | মেসার্স সরদার এন্ড এসোসিয়েটস্ | ৬৫,৬৮,৫৭৮/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ৩৪। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের প্লট নং-৯৯৩ হতে ১১১০ পর্যন্ত স্টর্ম স্যুয়ার নির্মাণ (৪-০˝ ডায়া পাইপ) কাজ (গ্রুপ-১৩)। | ৪৭,০৩,৬৬২/- | মেসার্স এ কে কনস্ট্রাকশন ১৫৬/৫, মাটিকাটা, ঢাকা ক্যান্ট। | ৪৪,৬৮,৪৭৯/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ৩৫। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের প্লট নং-৯৩৫ হতে লেক পর্যন্ত স্টর্ম স্যুয়ার নির্মাণ (৪-০˝ ডায়া পাইপ) কাজ (গ্রুপ-১৪)। | ৩৪,১২,১৭৬/- | মেসার্স মীম এন্টারপ্রাইজ | ৩২,৪১,৫৬৭/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ৩৬। | বারিধারা ডিওএইচএস এ গার্ডরুম দুই তলা থেকে তিন তলায় বর্ধিত করণ। | ৯,২৯,৫৪০/- | মেসার্স শাহ আমিন ট্রেডার্স | ৮,৮৩,০৬৩/- | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ৩৭। | ডিওএইচএস বারিধারা ইস্টার্ণ বাউন্ডারী ওয়ালে অগ্রাধিকার ভিত্তিতে তাঁরকাটা পরিবর্তন ও উঁচু করণ। | ৯,৯৯,৩৬১/- | মেসার্স কেটিএস ট্রেডিং কোং | ৯,৪৯,৩৯৩/- | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ৩৮। | বারিধারা ডিওএইচএস রোড নং-৯ (পশ্চিম পার্শ্ব) ও রোড নং-১০ (পশ্চিম পার্শ্ব) এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং ও মেরামত কাজ। | ২৯,৮২,৮৬৭/- | মেসার্স সফিক ট্রেডিং কর্পোরেশন | ২৮,৩৩,৭২৩/- | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |
| ৩৯। | বারিধারা স্পোর্টস কমপ্লেক্স এলাকায় ০২টি টয়লেট নির্মাণ। | ৬,৩১,৮৭৪/- | মেসার্স সেভেন সীরিজ এন্টারপ্রাইজ | ৬,০০,২৮০/- | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল লটারীতে বিজয়ী |

সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদন করা হলো। ক্রমিক নং-১৯ এ উল্লেখিত প্রকল্পগুলির কার্যাদেশ প্রদানপূর্বক তা যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট কাজের রেসপনসিভ টেন্ডার চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিম্নলিখিত কাজের অনুমোদনঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান (ডিপিপি) | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | সিরাজ-খলেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ৫০০ কেভিএ ট্রান্সফরমারসহ সাব-স্টেশন নির্মাণ। | ৭৩,১৫,০০০/- | বেঙ্গল টেলি কমিউনিকেশন এন্ড ইলেক্ট্রিক (প্রাঃ) লিঃ | ৬৯,২৮,৪০০/- | জিওবি |
| ২। | সিরাজ-খলেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য হাসপাতাল বেড লিফট সরবরাহ ও স্থাপন। | ৪৫,০০,০০০/- টাকা | আজিজ এন্ড কোম্পানী | ৩৪,০০,০০০/- টাকা | জিওবি |
| ৩। | সিরাজ-খলেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ফায়ার এক্সটিংগুইশার সরবরাহ ও স্থাপন। | ৪,৪০,০০০/- টাকা | সেকরোন ফায়ার সেফটি এন্ড সিকিউরিটি | ৮২,৫০০/ টাকা | জিওবি |
| ৪। | এয়ার কন্ডিশনার সরবরাহ ও স্থাপন। | ৫৮,৭০,০০০/- টাকা | ASKO International | ২৬,১৪,৫০০/- টাকা | জিওবি |

সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদন করা হলো। রেসপনসিভ টেন্ডার চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। তবে এয়ার কন্ডিশনারের গুণগত মান যাচাইপূর্বক কার্যাদেশ প্রদান করতে হবে।

আলোচ্যসূচী-১৯ঃ সামরিক বাহিনীর প্লট ইজারা গ্রহীতাগণ কর্তৃক নিজে বাড়ী নির্মাণ কালে রিভাইজড প্ল্যান অনুমোদন ফি এর সাথে রাস্তার ক্ষতিপূরণ বাবদ ৫০,০০০/- টাকা পরিশোধ না করার বিষয়ে মহাখালী ডিওএইচএস পরিষদ এর ২৭ ডিসেম্বর, ২০১১ তারিখের ১৩১৭/ডিওএইচএস/১১ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বিষয়টি সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির সভায় বিবেচিত হয়নি বিধায় পুনঃবিবেচনার অবকাশ নেই। সংশ্লিষ্টদের বিষয়টি অবহিত করা হোক।

আলোচ্যসূচী-২০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির ০৫(পাঁচ)টি আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর হতে নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ঃ গত ২৬ ডিসেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩০বিবিধ(৪) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে চুক্তিভিত্তিক/মাস্টাররোলে কর্মরত শিক্ষক, কর্মচারীদের মেয়াদ বর্ধিতকরণের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে চুক্তিভিত্তিক/মাস্টাররোলে কর্মরত শিক্ষক, কর্মচারীদের মেয়াদ ৩০ জুন, ২০১২ পর্যন্ত বর্ধিতকরণের সিদ্ধান্ত গৃহীত হলো। শূন্য পদসমূহে স্থায়ীভাবে নিয়োগ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২২ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত কলেজ ও বিদ্যালয়সমূহে ২০১২ সালের বাৎসরিক ক্রীড়া অনুষ্ঠানের ব্যয় অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০১২ সালের বাৎসরিক ক্রীড়া অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিতভাবে ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র/নং | প্রতিষ্ঠানের নাম | ব্যয়ের পরিমাণ |
|---|---|---|
| (১) | শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ | ১,৯৫,৮৯৫/- |
| (২) | মুসলিম মর্ডাণ একাডেমী | ১,৭২,৬৭০/- |
| (৩) | শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল | ১,৮২,১৬৫/- |
| (৪) | আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদী | ১,৭৩,৩৮৫/- |
| (৫) | সেনাপল্লী হাই স্কুল | ১,৩৪,৮৭০/- |

আলোচ্যসূচী-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় নির্মিত ভবনের ভার্টিক্যাল এক্সটেনশন – সংশোধিত ০৬(ছয়) তলার উপর ০৭(সাত) তলা নির্মাণে স্ট্রাকচারাল নকশার কনসালটেশন/কারিগরী ভেটিং এর জন্য প্রতি বর্গফুটে (নিচ তলা/ বেজমেন্ট হতে সর্বোচ্চ তলা পর্যন্ত সকল ফ্লোর) ন্যূনতম ১৪/- (চৌদ্দ) টাকা হারে ফি পরিশোধের বিষয়ে এমআইএসটি, মিরপুর সেনানিবাসের ১২ জানুয়ারি, ২০১২ তারিখের ২৩৭৬/সিই/সিএটিএস-এমআইএসটি নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ এমআইএসটি'র নির্ধারিত ফি পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট প্লট মালিকগণকে জরুরী ভিত্তিতে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ঃ আদর্শ বিদ্যা নিকেতন মানিকদী এবং শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ফটোকপি মেশিনের ড্রাম ইউনিট ও আনুষঙ্গিক যন্ত্রপাতি পরিবর্তনের ব্যয় বাবদ যথাক্রমে ১৩,০০০/- (তের হাজার) টাকা এবং ২১,৮০০/- (একুশ হাজার আটশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ের আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এবং শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ফটোকপি মেশিনের ড্রাম ইউনিট ও আনুষঙ্গিক যন্ত্রপাতি পরিবর্তনের ব্যয় বাবদ যথাক্রমে ১৩,০০০ (তের হাজার) টাকা এবং ২১,৮০০/- (একুশ হাজার আটশত) টাকা ব্যয়ের অনুমোদনের প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ-১ঃ সেনানিবাস সামরিক কবরস্থানের ৬.৬০ শতাংশ জমি নৌ সদর দপ্তরের বাইপাস রাস্তা নির্মাণের লক্ষ্যে ব্যবহারের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে নৌ সদর দপ্তরের ১০/১/২০১২ তারিখের সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্তের জন্য সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির সভায় প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রাস্তা ও স্পীড ব্রেকার মেশিন এর সাহায্যে লেন মার্কিংকরণ। | ৪,৬৪,০৬২/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৫ বিবিধ-৩ঃ মহাখালী ডিওএইচএস এলাকার মাজার সংলগ্ন পুকুরের চতুর্দিকে সৌন্দর্য বর্ধন, ওয়াকওয়ে ট্র্যাক ও বৈকালিক পার্ক নির্মাণ। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪ অক্টোবর, ২০১১ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৩৬-এ-২/শা-৮/১৭১ নং পত্রের মাধ্যমে ২০১১-১২ আর্থিক সালের উন্নয়ন বাজেটে প্রকল্পটির বিষয়ে নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ-৪ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৯ নং প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত ৩৪৬.৫০ বর্গফুট (কম/বেশী) জমি বরাদ্দের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৯ নং প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত ৩৪৬.৫০ বর্গফুট (কম/বেশী) জমি বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৫ বিবিধ-৫ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০/বি নং প্লট বিভাজনসহ ৬.০০ কাঠা জমি সহোদর ভ্রাতাকে দান করার অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০/বি নং প্লট বিভাজনসহ ৬.০০ কাঠা জমি সহোদর ভ্রাতাকে দান করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৫ বিবিধ-৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে ব্যবহারের জন্য ২০০ রীম A4 কাগজ (৮০ গ্রাম) সরবরাহের নিমিত্ত প্রতি রীম ৩৭৫/- টাকা হারে সর্বমোট ৭৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন।

সিদ্ধান্ত ঃ ২০০ রীম A4 কাগজ (৮০ গ্রাম) সরবরাহের নিমিত্ত প্রতি রীম ৩৭৫/- টাকা হারে সর্বমোট ৭৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৫ বিবিধ-৭ঃ সেনানিবাসস্থ বন্য প্রাণীদের খাবার সরবরাহ।

সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসে যে সকল বন্য প্রাণী বিচরণ করে (বানর) তাদের জন্য Food Spot নির্ধারণ করে সপ্তাহে ২/৩ দিন খাবার সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ-৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এডহক কমিটি অনুমোদন।

সিদ্ধান্ত ঃ নিম্নবর্ণিতভাবে রজনীগন্ধা সুপার মার্কেটের এডহক কমিটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | নাম | দোকান নম্বর | পদবী |
|---|---|---|---|
| (১) | জনাব আব্দুস সাত্তার | ডি/৬৪ | আহ্বায়ক |
| (২) | জনাব মোঃ তাজুল ইসলাম | সি/৩ | সদস্য |
| (৩) | জনাব মোঃ ইসমাইল হোসেন | সি/৬৭ | সদস্য |
| (৪) | জনাব মোঃ মতিউর রহমান | এ/৬০ | সদস্য |
| (৫) | জনাব শামসুল হক ভুইয়া | পাকা-২০ | সদস্য |
| (৬) | জনাব কামাল হোসেন | ১৬/১-বি | সদস্য |
| (৭) | জনাব দিদারুল আলম | সি/১২৭ | সদস্য |
| (৮) | জনাব মিজানুর রহমান | সি/১৭৫ | সদস্য |
| (৯) | জনাব মোহাম্মদ আলী চৌধুরী | বি/১৩ | সদস্য |
| (১০) | জনাব ফয়েজুর রহমান | ৮/১২ | সদস্য |
| (১১) | জনাব ইমানুল হক মোল্লা | পাকা-৩০ | সদস্য |
| (১২) | জনাব নাসির বাবলু | পাকা-৯৯ | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১৩) | জনাব বিল্লাল হোসেন খান | পাকা-২৬ | সদস্য |
| (১৪) | জনাব আব্দুর রশিদ খান | ডি/৩৩ | সদস্য |
| (১৫) | জনাব শফিকুল ইসলাম | সি/১৬৪ | সদস্য |
| (১৬) | জনাব রফিক | মাছের আড়ৎ-১৫ | সদস্য |
| (১৭) | জনাব ইমন | ব্রয়লার-১৫ | সদস্য |
| (১৮) | জনাব এস এম মমিনুল ইসলাম | পার্ক-৩৫ | সদস্য |
| (১৯) | জনাব মোঃ শাহজাহান মিয়া | এ/৭৫ | সদস্য |
| (২০) | জনাব হাজী নুরু মিয়া | সি/১০৬ | সদস্য |

২৫ বিবিধ-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট সরবরাহ ও স্থাপন।

সিদ্ধান্ত ঃ ফায়ার ব্রিগেড এর পরামর্শ মোতাবেক রজনীগন্ধা সুপার মার্কেটের ৩টি গুরুত্বপূর্ণ স্থানে ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ কাজের যাবতীয় ব্যয় রজনীগন্ধা সুপার মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে সংকুলান করতে হবে।

২৫ বিবিধ-১০ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার পরিচালনা সংক্রান্ত।

সিদ্ধান্ত ঃ বিষয়টি সামরিক অফিসার আবাসকি প্রকল্প কমিটির পরবর্তী সভায় বিষয়টি উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ-১১ঃ বনানী ডিওএইচএস এলাকার ২৮/এ-১ নং প্লটের অননুমোদিত নির্মাণ অপসারণ।

সিদ্ধান্ত ঃ সেনাসদর, কিউএমজি শাখা, ডিডব্লিউএন্ডসিই (আর্মি), ঢাকা সেনানিবাস এর ০২ আগস্ট, ২০১০ তারিখের ১০০০/খণ্ড-০৬-০৯/ই-১০ নং পত্রের মাধ্যমে ভবনটির ০৫(পাঁচ) তলার উপর অননুমোদিতভাবে ০৬(ছয়) তলা নির্মাণ যুক্তিযুক্ত নয় মর্মে মতামত ব্যক্ত করায় সকল অননুমোদিত নির্মাণ অপসারণের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও অননুমোদিতভাবে ০৬(ছয়) তলার উপর ০৭(সাত) তলায় ১৯ʹ - ০ʹʹ × ১২ʹ - ০ʹʹ = ২২৮.০০ বর্গফুট রুম নির্মাণ, যা জানমালের নিরাপত্তার জন্য মারাত্মক হুমকী স্বরূপ হওয়ায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২২ জুলাই, ২০০৭ তারিখের ঢাক্যাবো/প্লট নং-২৮/এ-১/ডিওএইচএস বনানী/১৮৩ নং পত্রের মাধ্যমে প্রদত্ত নিয়মিতকরণের ছাড়পত্রটিও এতদ্বারা বাতিল করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( শেখ আকতার হোসেন )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

550-2

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম মোজাম্মেল হক, পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | উইং কমান্ডার মোঃ নিয়ামুল কবীর, প্রতিনিধি, অধিনায়ক (প্রশাসনিক শাখা) বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | লেঃ কর্ণেল আতিকুল হক চৌধুরী, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর শেখ মঈনউদ্দিন, স্টেশন হেলথ অফিসার, প্রতিনিধি, কমান্ড্যান্ট সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম)<br>ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | অনুপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ, বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | শাহে এলিদ মাইনুল আমিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |

